

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 05-03-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM webinar:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে কর্মসংস্থানের উপর বাজেট পরবর্তী ওয়েবিনারে অংশগ্রহণ করবেন। এই ওয়েবিনারের মুখ্য বিষয় গুলির মধ্যে সাধারণ জনগনের জন্য বিনিয়োগ, অর্থ ব্যবস্থা, নতুন উদ্যোগ এর মতো বিষয় গুলো রয়েছে। কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা সরকারের অন্যতম প্রধান লক্ষ্য। এই ওয়েবিনার সরকার, শিল্প, শিক্ষাবিদ এবং নাগরিকদের মধ্যে সহযোগিতা কে বৃদ্ধি করবে এবং পরবর্তন কারি বাজেট ঘোষণা কে প্রভাব সৃষ্টিকারী পরিণামে পরিবর্তন করার জন্য আলোচনা কে উৎসাহিত করবে।

C.M-Kailashahar :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সরকারী চাকুরী ও কর্মসংস্থানের নানা ক্ষেত্রে পথ খুলে দিয়ে রোজগারের পথ প্রশস্ত করছে। এরফলে রাজ্যের মানুষের মাথাপিছু গড় আয় বাড়ছে। গতকাল কৈলাশহরের চন্ডীপুর ব্লক কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত উন্নয়নমূলক বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার স্বচ্ছতার সঙ্গে কাজ করছে। বহিঁরাজ্য থেকে বিনিয়োগকারীরা রাজ্যে

আসছেন। ফলে আগামীদিনে রাজ্যে শিল্প ও বাণিজ্য প্রসারের ব্যাপক সম্ভাবনা দেখা দিয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। উপস্থিত ছিলেন, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাবুল বণিক, রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি প্রমুখ।

Assembly Session :

ত্রয়োদশ রাজ্য বিধানসভার সপ্তম অধিবেশন আগামী ২১শে মার্চ থেকে শুরু হবে। এই অধিবেশনেই ২০২৫-২৬ অর্থবর্ষের পূর্ণাঙ্গ বাজেট পেশ করা হবে। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামী ২১ মার্চ সকাল ১১টায় ত্রয়োদশ রাজ্য বিধানসভার সপ্তম অধিবেশন আহ্বান করেছেন।

PM, Wildlife :

গুজরাটের জামনগরে বন্যপ্রাণী সংরক্ষণ, উদ্ধার ও পুনর্বাসন কর্মসূচি বনতারার সূচনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই সংবেদনশীল উদ্যোগ নেবার জন্য প্রধানমন্ত্রী অনন্ত আশ্বানি এবং তাঁর দলের প্রশংসা করেছেন। গতকাল জামনগরে বন্যপ্রাণী সংরক্ষণ কেন্দ্র বনতারা পরিদর্শন করার সময় প্রধানমন্ত্রী বলেন, বনতারা পরিবেশগত স্থায়িত্ব এবং বন্যপ্রাণীর কল্যাণে গৃহীত এবং এটি বন্যপ্রাণীদের একটি নিরাপদ আশ্রয়স্থল। প্রধানমন্ত্রী বলেন, বনতারার মতো একটি প্রচেষ্টা সত্যিই প্রশংসনীয় এবং এটি আমাদের শতাব্দী প্রাচীন নৈতিকতার একটি উজ্জ্বল উদাহরণ।

Circular economy:

কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেছেন যে ভারতের সার্কুলার ইকনোমির বাজার মূল্য ২০৫০ সালের মধ্যে ২ ট্রিলিয়ন ডলারেরও বেশি হবার এবং প্রায় ১ কোটি কর্মসংস্থান তৈরির সম্ভাবনা রয়েছে। গতকাল জয়পুরে অনুষ্ঠিত এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে দ্বাদশ আঞ্চলিক 3R and Circular economy ফোরামে ভাষণ দিচ্ছিলেন শ্রী যাদব। তিনি বলেন যে ভারতের মিশন সার্কুলার ইকনোমির ভিত্তিতিনটি মূল নীতি। এগুলি হল, বর্জ্য এবং দূষণ দূর করা, পণ্য ও উপকরণ সঞ্চালন করা এবং প্রাকৃতিক সম্পদের পুনরুদ্ধার। তিনি উল্লেখ করেন যে সরকার সক্রিয়ভাবে নীতি প্রণয়ন করছে এবং একটি সম্পূর্ণ-সরকারি পদ্ধতির মাধ্যমে দেশকে একটি সার্কুলার ইকনোমির দিকে নিয়ে যাওয়ার প্রচেষ্টাকে উৎসাহিত করছে।

Congress-Press Meet :

প্রদেশ কংগ্রেসের সহ-সভাপতি শান্তি রঞ্জন দেবনাথ গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, সংবিধান বাঁচাও এবং দুর্নীতির বিরুদ্ধে আগামী ১১ই মার্চ আগরতলার ওরিয়েন্ট চৌমুহনীতে প্রদেশ কংগ্রেসের রাজ্যভিত্তিক সমাবেশের আয়োজন করা হবে। তিনি অভিযোগ করেন রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে প্রশাসনিক কাজকর্মে স্বচ্ছতার অভাব পরিলক্ষিত হচ্ছে। সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেসের মুখপাত্র প্রবীর চক্রবর্তীও বক্তব্য রাখেন।

State-wise 13 Cricket :

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার গতকাল চারটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এতে উদয়পুরের মাঠে ধর্মনগর ৬ উইকেটে সোনামুড়াকে, ধর্মনগরের মাঠে খোয়াই ৯ রানে অমরপুরকে, কৈলাসহরের মাঠে উদয়পুর ২৭ রানে সদর-বি দলকে এবং বিলোনীয়ার মাঠে সদর-এ ১৭ রানে কৈলাসহরকে পরাজিত করে।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রি সেলসিয়াস।
